JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/9/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন রাজ্য পুলিশ কলম্বাস ডে সপ্তাহান্তে ট্রাফিক বলবতকরণপরিচালনা করবে

ট্রুপাররা নর্থ কান্ট্রি, মধ্য নিউ ইয়র্ক, ক্যাপিটাল রিজিয়ন, সেন্ট্রাল নিউ ইয়র্কে দ্রুতগতিতে ধাবমান ও নেশাগ্রস্থ মোটর চালকদের প্রতি নজর দেবে

রাজ্যব্যাপী ডিস্ট্র্যাক্টেড ড্রাইভিং এনফোর্সমেন্ট ক্যাম্পেইন 8 অক্টোবর থেকে 12 অক্টোবর পর্যন্ত চলবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা দিয়েছেন যে আসন্ন কলম্বাস ডে সপ্তাহান্তে নিউ ইয়র্ক স্টেট পুলিশ বিশেষ ট্রাফিক বলবতকারী প্রচেষ্টা পরিচালনা করবে দ্রুতগতিতে ধাবমান এবং নেশাগ্রস্থ মোটরচালকদের বিরত করার জন্য। 8 অক্টোবর, 2020, শুক্রবার, থেকে কলম্বাস ডে ক্যাম্পেইন শুরু হয়ে চলবে 12 অক্টোবর, 2020, সোমবার পর্যন্ত। এই সময়ে ছুটির দিন এবং শরৎকালীন পর্যটনের কারণে আমাদের সড়কগুলিতে বর্ধিত ট্র্যাফিকের পরিমাণ আশা করছেন ট্রুপাররা যা আমাদের রাস্তাগুলির উপর অতিরিক্ত ঝুঁকির সৃষ্টি করে। এই বলবৎকরণ নর্থ কান্ট্রি, সিরাকিউস অঞ্চল, ক্যাপিটাল রিজিয়ন এবং ক্যাটস্কিলসে অনুষ্ঠিত হবে।

টার্গেটি কলম্বাস ডে উইকএন্ড এনফোর্সমেন্ট রাজ্যব্যাপী "ইউ ড্রাইভ। ইউ টেক্সট। ইউ পে।" এর সাথে মিলে যায় যা বিভ্রান্ত চালকদের রাস্তা থেকে দূরে রাখার জন্য পরিচালিত হচ্ছে। এই উচ্চ দৃশ্যমান প্রচারণার সময়, রাজ্যের পুলিশ এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ছুটির দিনে বিভ্রান্তভাবে গাড়ি চালানোর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেবে।

"একটি শরতের গাছপালা দর্শন ভ্রমণ পরিবারের জন্য একটি নিরাপদ এবং সামাজিক দূরত্ব বজায় রেখে ভ্রমণ উপভোগ করার একটি চমৎকার উপায়, এবং আমাদের সৈন্যরা যারা দ্রুত গতিতে বা অপ্রকৃতস্থ হয়ে গাড়ি চালাতে পছন্দ করে তাদের দ্বারা সৃষ্ট অপ্রয়োজনীয় ট্র্যাজেডি প্রতিরোধের জন্য টহল দেবে," **গভর্নর কুওমো বলেছেন।** "নিউ ইয়র্কে অপ্রকৃতস্থ এবং বিভ্রান্ত চালকদের প্রতি কোন সহনশীলতা নেই। আমি সকল মোটরচালকদের দায়িত্বশীলভাবে গাড়ি চালানো এবং জীবন বাঁচানোর আহ্বান করছি।"

সুপারিন্টেনডেন্ট কিথ এম. কোরলেট বলেন, "আমরা চাই ড্রাইভাররা যেন বুঝতে পারে যে দ্রুত গতিতে গাড়ি চালানো বেদনাদায়ক পরিণতি ডেকে আনতে পারে। এই ট্র্যাফিক আইন বলবত্করণের সময়ে ড্রাইভারদের সূচিত গতি সীমা অনুসরণ করে গাড়ী চালানো এবং বেপরোয়া ড্রাইভারদের নিয়ন্ত্রণে রাখতে আমাদের ট্রুপাররা কড়া নজর রাখবে। আমরা চালকদের ট্রাফিক আইন মেনে চলার

মাধ্যমে এবং সতর্ক থেকে এবং এবং মদ্যপান করলে একজন অমদ্যপ ড্রাইভারকে মনোনীত তাদের দায়িত্ব পালন করতে উৎসাহিত করছি। একসাথে, যারা ভ্রমণ করে তাদের জন্য আমরা আমাদের রাস্তাঘাট নিরাপদ রাখতে পারি।"

ডিপারটমেন্ট অফ মোটর ভেহিক্লসের (Department of Motor Vehicles, DMV) কমিশনার এবং গভর্নরস ট্রাফিক সেফটি কমিটির (Governor's Traffic Safety Commission) সভাপতি মার্ক জে. এফ. শ্রোডার বলেছেন, "এই সপ্তাহান্তে নিউ ইয়র্ক স্টেটের শরতের রং পরিবর্তনের বিষয়টি দেখার জন্য একটি দারুণ সময়, কিন্তু একটি জিনিস যা কখনই পরিবর্তন করা উচিত নয় তা হচ্ছে একজন নিরাপদ ড্রাইভার হওয়া। বিভ্রান্তভাবে গাড়ি চালানো, দ্রুত গতিতে গাড়ি চালানো প্রতিরোধযোগ্য এবং অপ্রয়োজনীয়ভাবে সবাইকে বিপদে ফেলে দেয়। এই সপ্তাহান্তে এবং যখনই আপনি ভ্রমণ করবেন, অনুগ্রহ করে স্পিড লিমিট অনুসরণ করুন, আপনার ফোন দূরে রাখুন এবং সবসময় শান্তভাবে গাড়ি চালান। আপনি যদি উদযাপনরত অবস্থায় থাকেন তাহলে বাড়িতে নিরাপদে যাওয়ার একটি পরিকল্পনা করুন।"

মোটর চালকরা যারা এই সপ্তাহান্তে ভ্রমণ করবেন, তারা এছাড়াও কিছু অপ্রমত্ততা পরিক্ষণের চেকপয়েন্ট এবং অতিরিক্ত ড্রাইভিং হোয়াইল ইন্টক্সিকেটেড (Driving While Intoxicated, DWI) টহলদারদের আশা করতে পারেন। আইন প্রয়োগকারী বাহিনী এছাড়াও সেসব মোটর চালকদের দিকে নজর রাখবেন যারা গাড়ি চালানোর সময় তাদের ফোন ও অন্যান্য ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করবেন। চালকদের এছাড়াও নিউ ইয়র্কের সড়ক পথে চলাচলের সময় রাস্তার পাশে থেমে থাকা জরুরি ও আপতকালীন যানবাহনকে "জায়গা ছেড়ে দেওয়ার" কথাও মনে রাখা উচিৎ।

আইন লঙ্ঘনকারী গাড়ি চালকদের আরও সহজে চিহ্নিত করার জন্য এই জরুরি অবস্থার অংশ হিসাবে ট্রুপাররা চিহ্নিত রাজ্য পুলিশের যানবাহন এবং গোপন পরিচয়ধারী ট্রাফিক বলবতকারী (Concealed Identity Traffic Enforcement, CITE) যান, উভয়ই ব্যবহার করবেন। গোপন পরিচয়ধারী ট্রাফিক বলবতকারী যানগুলি ট্রুপারদের গাড়ি চালানো সংক্রান্ত আইন লঙ্ঘনগুলোকে ভালোভাবে পর্যবেক্ষণ করার সুযোগ দেয়। এই যানগুলো দৈনন্দিন ট্র্যাফিকের সাথে মিশে যায় কিন্তু জরুরী আলো সক্রিয় হওয়ার পরে জরুরি যানবাহন হিসাবে এগুলোকে চিনতে ভুল হয় না। রাজ্য পুলিশ সমস্ত মোটর চালকদের নিরাপদ থাকার কথা মনে করিয়ে দিচ্ছে, মদ্যপান করে গাড়ি চালাবেন না!, গাড়ি চালানোর সময় আপনার মোবাইল ব্যবহার করবেন না!, গতিসীমার মধ্যে গাড়ি চালান, এবং সব যাত্রীদের বেল্ট বেঁধে দিন। এই উদ্যোগের মূল লক্ষ্যই হল, অনিরাপদভাবে গাড়ি চালানোর আচরণকে প্রতিরোধ করা এবং ট্রাফিক নিরাপত্তার গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা।

2019 সালে "ইউ ড্রাইভ। ইউ টেক্সট। ইউ পে।" এর সময়ে, যা গভর্নরের ট্রাফিক সেফটি কমিটি দ্বারা সমর্থিত, বিভ্রান্তভাবে গাড়ি চালানোর জন্য 5,000 এর বেশী টিকেট ইস্যু করা হয় এবং অন্যান্য গুরুতর ট্রাফিক লঙ্ঘনের জন্য 46,000 এর ও বেশী টিকেট ইস্যু করা হয়, যেমন অপ্রকৃতিস্থ অবস্থায় গাড়ি চালানো এবং উচ্চ গতিতে গাড়ি চালানো।

গত বছরের "ইউ ড্রাইভ ইউ টেক্সট। ইউ পে।" বলবতকরণ ক্যাম্পেইনের সময় যেসব টিকেট জারি করা হয়েছেঃ

লঙ্ঘন	**টিকিটের সংখ্যা**
বিভ্রান্ত ড্রাইভিং	5,184
অপ্রকৃতিস্থ	1,298
মুভ ওভার আইন	398
সিট বেল্ট	1,768
গতিসীমা লঙ্ঘন	9,194
অন্যান্য লঙ্ঘন	34,288
মোট	**52,130**

গাড়ি চালানোর সময় গাড়ি চালকদের হাত মুক্ত ডিভাইস ব্যতীত মোবাইলে কথা বলা, টেক্সট বা ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করা থেকে বিরত রাখতে নিউ ইয়র্ক স্টেট কঠোর শাস্তি নির্ধারণ করেছে। 50 মার্কিন ডলার থেকে 450 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা, 5টি ড্রাইভার লঙ্ঘন পয়েন্ট এবং লাইসেন্স স্থগিত বা বাতিল করা হতে পারে।

চিফ টিমোথি প্যারিসি, ইলিয়ন পিডি এবং নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অফ চিফস অফ পুলিশের 1ম ভাইস প্রেসিডেন্ট বলেন, "যেহেতু আমরা আমাদের সম্প্রদায়ের রাস্তায় গাড়ি চালানোর অযৌক্তিক বিপদ সম্পর্কে সচেতন, তাই আমরা আমাদের সদস্য সংস্থাগুলোকে এই জটিল মহাসড়ক নিরাপত্তা উদ্যোগে অংশগ্রহণ করতে উৎসাহিত করছি।"

ওয়াশিংটন কাউন্টি শেরিফ এবং নিউ ইয়র্ক স্টেট শেরিফস অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট জেফ্রি মার্ফি বলেন, "বিভ্রান্তভাবে গাড়ি চালানো আপনাকে, আপনার যাত্রী এবং সকল সড়ক ব্যবহারকারীদের ঝুঁকির মধ্যে ফেলে দেয়। একটি টেক্সট পড়ার জন্য, একটি নম্বর ডায়াল করার জন্য, এমনকি আপনার নেভিগেশন সমন্বয় করার জন্য বা রেডিও পরিবর্তন করার জন্য রাস্তা থেকে চোখ সরিয়ে নেওয়া বিপজ্জনক. ঐ সময়ে আপনি কী বা কাকে আঘাত করবেন? নিউ ইয়র্ক স্টেটের শেরিফরা চান আপনি গাড়িতে আপনার সময় উপভোগ করুন, আপনার গন্তব্যে যান, এবং কোন বিভ্রান্তি ছাড়াই নিরাপদে এটা করুন।"

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন